গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী,চট্টগ্রাম

এবং

উপপরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র


উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৫

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ১৬

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

চট্টগ্রাম জেলার দক্ষিনে অবস্থিত বোয়ালখালী উপজেলার আয়তন ১৩৭ বর্গ কিলোমিটার। হযরত বোয়ালী কালান্দার (রাঃ) এর নামানুসারে এই উপজেলার নাম বোয়ালখালী হয়। উপজেলার উত্তরে কর্ণফুলি নদী, দক্ষিনে পটিয়া উপজেলা, পূর্বে রাঙ্গুনিয়া উপজেলা ও বান্দরবান পার্বত্য জেলা এবং পশ্চিমে কর্ণফুলি নদী। ৯টি ইউনিয়ন ও ১টি পৌরসভা নিয়ে গঠিত এই উপজেলার নীট ফসলীর জমির পরিমান ৬১৫০ হেঃ যেখানে এক ফসলী জমি ২১৪৫ হেঃ দুই ফসলী জমি ৩৪২০ হেঃ এবং তিন ফসলী জমির পরিমান ৩০ হেঃ। উপজেলার পূর্বে প্রায় ২৫০০ হেক্টর জমি পাহাড়ী এলাকাভুক্ত। অবশিষ্ট জমি সমতল এবং উঁচু মাঝারী উঁচু, নিচু শ্রেণী ভুক্ত জমি। ধান এখানকার প্রধান ফসল। এছাড়া শাকসজী, ফেলন, মুগ ও কিছু তেল জাতীয় ফসল চাষাবাদ হয়। আমন মৌসুমের চাষ প্রধানত বৃষ্টি নির্ভর। কিন্তু বোরো মৌসুমে সেচ নির্ভর যার প্রায় ৯০% ভূ-উপরিস্থ পানি দ্বারা সম্পন্ন হয়। গত ২০২০-২১অর্থ বছরে আউশ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ৮০ হেক্টর এবং অর্জিত হয়েছিল ৭০ হেক্টর। গত ২০২০-২১ অর্থ বছরে আমন এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ৪৭৫০ হেক্টর ,অর্জিত হয়েছিল ৪৪০০ হেক্টর ।গত ২০২০-২১ বোরো মৌসুমে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল ২৫০০ হেঃ, অর্জিত হয়েছিল ১৯৫০ হেক্টর জমি। বোয়ালখালী উপজেলার কৃষকের নিকট চাহিদা অনুযায়ী প্রযুক্তি হস্তান্তরের মাধ্যমে বিগত তিন বছরে চাল, সরিষা, শাক-সবজি,ভূট্টা ও অন্যান্য ফসলের উৎপাদন বৃদ্ধি করতে সক্ষম হয়েছে। সম্প্রসারণ কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে চাল, সরিষা, শাক-সবজি ও ভুট্টাসহ অন্যান্য ফসলের উৎপাদন ২০২১-২২ সনের তুলনায় ২০২২-২০২৩ সনে ২০০ মেঃটন বৃদ্ধি পেয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

দেশে প্রতিবছর চাষযোগ্য জমি হ্রাস পাওয়ায় ক্রমবর্ধমান জনগোষ্ঠির বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পুরণার্থে টেকসই ফসল উৎপাদন নিশ্চিতকরণ, জলবায়ুগত পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবেলা ও দুর্যোগপূর্ণ এলাকায় চাহিদাভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, জমির স্বাস্থ্য, উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি, ক্রপজোনিং, সেচ কার্যে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার কমিয়ে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার, সুষম মাত্রায় ও দক্ষভাবে সারসহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ, কৃষিতে নারীর সম্পৃক্তায়ন এবং দক্ষতা বৃদ্ধিকরণ, সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন এবং কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ুগত পরিবর্তনের কারণে সম্ভাব্য দুর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সেচ কার্যে ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার, চাষী পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, মানসম্পন্ন ও রপ্তানীযোগ্য ফল, সবজি চাষ এলাকা সম্প্রাসরণ, বসতবাড়ির আঙ্গিনার কার্যকর ব্যবহার, শস্য বিন্যাসে ডাল, তৈল , মসলা ও সবজিজাতীয় ফসল অন্তর্ভূক্ত করে ফসলের বহুমূখীতা এবং নিবিড়তা বৃদ্ধি, "বাংলা গ্যাপ" সুচনা এবং বাস্তবায়নের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদন, সম্প্রসারণ কর্মী ও প্রযুক্তিগত জ্ঞান এবং দক্ষতা উন্নয়ন, কৃষক/কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ, দ্রুত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন, খামার যান্ত্রিকীকরণ, শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- লাগসই আধুনিক প্রযুক্তির উপর ৩০০০জন কৃষক/কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক প্রযুক্তির উপর ৩০ জন সম্প্রসারণ কর্মীকে প্রশিক্ষণ প্রদান।
- আধুনিক জাত ও প্রযুক্তি সম্প্রসারণে ১০০০টি প্রদর্শনী স্থাপন।
- নিরাপদ ফসল উৎপাদনের লক্ষ্যে ৮০% সবজি এলাকায় ফেরোমন ফাঁদ ব্যবহার।
- কৃষক পর্যায়ে ইউরিয়া সার ব্যবহারে সাশ্রয় এবং নন-ইউরিয়া সারের ব্যবহার যুক্তিসংগতভাবে বৃদ্ধিকরণ ।
- জমিতে জৈব সার প্রয়োগ উৎসাহিতকরণে ৫০০ জন কৃষক/ কৃষাণীকে প্রশিক্ষণ প্রদান এবং কৃষকের বসতভিটার ১০০ টি সাধারণ কম্পোষ্ট ও ৮০টি ভার্মিকম্পোস্ট সারের প্রদর্শণী স্থাপন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী,চট্টগ্রাম

এবং

উপপরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম-এর মধ্যে ২০২৩ সালের ................ মাসের ................ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

ফসলের টেকসই ও লাভজনক উৎপাদন

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সকল শ্রেণীর কৃষকদের চাহিদাভিত্তিক দক্ষ, ফলপ্রসূ ও কার্যকর সম্প্রসারণ সেবা প্রদান এবং তাদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ফসলের টেকশই উতপাদন ও উতপাদনশীলতা নিশ্চিতকরণ এবং কৃষকদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটানো।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন
৩. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ
৪. কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানীতে সহায়তা

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কৃষকের মাঝে উন্নত কৃষি প্রযুক্তি সম্প্রসারণ
২. পরিবেশ বান্ধব, নিরাপদ ও টেকসই উৎপাদনক্ষম উত্তম কৃষি কার্যক্রম প্রবর্তন
৩. কৃষি তথ্য প্রযুক্তি উন্নয়ন ও ই-কৃষি তথ্য সেবা সম্প্রসারণ
৪. কৃষি উপকরণের (সার, বীজ ও বালাইনাশক) সরবরাহ নিশ্চিতকরণ
৫. জৈব সারের উৎপাদন ও ব্যবহার বৃদ্ধিকরণ
৬. পানি ব্যবস্থাপনার মাধ্যমে ফসল উৎপাদন এবং ভূ-উপরিস্থ পানির (ংঁৎভধপব ধিঃবৎ) ব্যবহারে উৎসাহিতকরণ
৭. কৃষক পর্যায়ে মান সম্পন্ন বীজ উৎপাদন ও সংরক্ষণ
৮. ঘাত সহিষ্ণু জাত সম্প্রসারণ
৯. সম্প্রসারণ কর্মী ও কৃষকদের দক্ষতা বৃদ্ধিকরণ
১০. কৃষির উন্নয়নে নারীকে সম্পৃক্তকরণ
১১. উচ্চমূল্য ফসলের আবাদ ও উৎপাদন বৃদ্ধি
১২. দুর্যোগ মোকাবেলা ও কৃষি পূনর্বাসন করা
১৩. কৃষিঋণ প্রাপ্তিতে কৃষককে সহায়তা দান
১৪. কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ/সমন্বয় সাধন
১৫. বসতভিটার পতিত জমি ও বাড়ির ছাদ চাষের আওতায় আনা
১৬. কীটনাশক, রাসায়নিক সার ইত্যাদির মান নিয়ন্ত্রণ ও সুষম ব্যবহার নিশ্চিতকরণ
১৭. প্রচলিত লাগসই কৃষি প্রযুক্তি সম্প্রসারণ
১৮. জলবায়ু পরিবর্তনের সাথে সাথে কৃষি উৎপাদনে যে বিরুপ প্রভাব তা মোকাবেলায় কৃষকদের প্রয়োজনীয় কৃষি প্রযুক্তি ও পরামর্শ প্রদান করা
১৯. খাদ্যশস্য সংগ্রহের নিমিত্ত মূল্য নির্ধারণে বিভিন্ন ফসলের উৎপাদন খরচ নিরুপণ করে মন্ত্রণালয়কে সহায়তা

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০৩০ সালের মধ্যে প্রধান প্রধান ফসলের পর্যাপ্ততা নিশ্চিতকরণ | উৎপাদিতচাল (কর্মসম্পাদন সূচক-১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.১, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | মে. টন | ২৪২৬০ | ২৫৮৬০ | ২৮২২০ | ২৮৭৫০ | ২৯৯৫০ | বিদ্যুৎ বিভাগ , বি এ আর আই, বিনা, বিএডিসি,এসসিএ | ডিএই ও বিবিএস যৌথ প্রতিবেদন |
| | উৎপাদিতগম (কর্মসম্পাদন সূচক-১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | মে. টন | ০ | ৫ | ৭ | ৯ | ১২ | বিদ্যুৎ বিভাগ, বিএ আর আই, বিনা, বিএডিসি, এসসিএ | ডিএই ও বিবিএস এর যৌথ প্রতিবেদন |
| | উৎপাদিতভুট্টা (কর্মসম্পাদন সূচক-১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | মে. টন | ১৩০ | ১৫০ | ১৯০ | ২১৫ | ২৩৫ | বিদ্যুৎ বিভাগ, বিএ আর আই, বিনা, বিএডিসি, এসসিএ | ডিএই ও বিবিএস এর যৌথ প্রতিবেদন |
| | উৎপাদিত আলু (কর্মসম্পাদন সূচক-১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | মে. টন | ৯৫০ | ১০৫০ | ১১৭০ | ১২৪০ | ১৩৯০ | বিদ্যুৎ বিভাগ, বিএ আর আই, বিনা, বিএডিসি, এসসিএ | ডিএই ও বিবিএস এর যৌথ প্রতিবেদন |
| | উৎপাদিত ফল (কর্মসম্পাদন সূচক-১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | মে. টন | ৩২৮৪.৫ | ৫৩৮০.৫ | ৫৫৪০ | ৬২০০ | ৬৫০০ | বিদ্যুৎ বিভাগ, বিএ আর আই, বিনা, বিএডিসি, এসসিএ | ডিএই ও বিবিএস এর যৌথ প্রতিবেদন |
| | উৎপাদিত সবজি (কর্মসম্পাদন সূচক-১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | মে. টন | ১৪৩৬০ | ১৫১০০ | ১৬৪৩০ | ১৭১২০ | ১৭৫৩০ | বিদ্যুৎ বিভাগ, বিএ আর আই, বিনা, বিএডিসি, এসসিএ | ডিএই ও বিবিএস এর যৌথ প্রতিবেদন |
| মানসম্মত সম্প্রসারণ সেবা নিশ্চিতকরণ | মানসম্মত সম্প্রসারণ সেবা নিশ্চিতকরণ | সংখ্যা | ২৩ | ২৫ | ২৭ | ২৮ | ৩০ | বিদ্যুৎ বিভাগ , বি এ আর আই, বিনা, বিএডিসি,এসসিএ | ডিএই ও বিবিএস এর যৌথ প্রতিবেদন |
| কৃষির আধুনিকায়ন/ খোরপোশ কৃষি হতে বানিজ্যিক কৃষিতে উত্তরণ | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কর্তনকৃত ধানের জমির পরিমান (কর্মসম্পাদন সূচক-৩.৩.১) | হেক্টর | ৩০০ | ৪০০ | ৮০০ | ১০০০ | ১২০০ | বিদ্যুৎ বিভাগ , বি এ আর আই, বিনা, বিএডিসি,এসসিএ | ডিএই ও বিবিএস এর যৌথ প্রতিবেদন |
| কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন নিশ্চিতকরণ | ব্যবহৃত কম্পোষ্টের পরিমান (কর্মসম্পাদন সূচক-৪.১.১, ৪.১.২) | মে. টন | ৩ | ৪ | ৪.৫ | ৫ | ৬ | বিদ্যুৎ বিভাগ , বি এ আর আই, বিনা, বিএডিসি,এসসিএ | ডিএই ও বিবিএস এর যৌথ প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৪ | [১.১] উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.১.১] স্থাপিত প্রদর্শনী | গড় | % | ৪ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.২] আয়োজিত মাঠ দিবস/ কৃষক সমাবেশ | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.৩] আয়োজিত উপজেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ৩ | ৩ | ২ | ১ | ০ | ০ | ৩ | ৩ |
| | | | [১.১.৪] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.২] কৃষি খাতে প্রদত্ত প্রনোদনার আওতায় কার্যক্রম গ্রহণ | [১.২.১] প্রনোদনার আওতায় সমলয় চাষাবাদের প্রদর্শণী স্থাপনকৃত | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [১.২.২] প্রনোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক সংখ্যা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১৮৫০ | ১৬৫০ | ১৬০০ | ১৫০০ | ১৪০০ | ১৩০০ | ১১৫০ | ১৭৫০ | ১৯০০ |
| | | [১.৩] ফসল উৎপাদনে কৃষকের দক্ষতা বৃদ্ধিকরণ | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক | গড় | % | ৫ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [১.৩.২] ব্লক পরিকল্পনা প্রণয়ন | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৮ | ২৮ | ২৮ | ২৫ | ২২ | ২০ | ১৮ | ২৮ | ২৮ |
| [২] কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন | ২৩ | [২.১] কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/ কর্মচারী | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [২.১.২] শ্রেষ্ঠ নারী মাঠকর্মীর মনোনয়ন প্রদান | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | | [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.২.১] কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ৫ | ৪ | ৭ | ৬ | ৪ | ৩ | ২ | ০ | ১০ | ১০ |
| | | | [২.২.২] কর্মকর্তাদের পরিদর্শিত উপজেলা অফিসের কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ৪ | ২৫ | ২৮ | ২৮ | ২৬ | ২৪ | ২২ | ২০ | ২৮ | ২৮ |
| | | | [২.২.৩] উর্ধ্বতন অফিসের পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | সমষ্টি | % | ৩ | ৬০ | ৮০ | ৮০ | ৭০ | ৬০ | ৪০ | ৩০ | ৮০ | ৮০ |
| | | [২.৩] শূন্যপদ পূরণের উদ্যোগ গ্রহন | [২.৩.১] শূন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ২ | ৬ | ৪ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [২.৪] জমিজমা সংক্রান্ত মামলা নিস্পত্তির উদ্যোগ গ্রহণ | [২.৪.১] জমিজমা সংক্রান্ত / মামলা সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ১০ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [২.৫] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের | [২.৫.১] অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [৩] কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধিকরণ | ১৪ | [৩.১] মানসম্পন্ন সার/ বালাইনাশক সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.১.১] নিষ্পত্তিকৃত বালাইনাশক এর পাইকারী ও খুচরা ডিলারের নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | সমষ্টি | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [৩.১.২] পরিদর্শণকৃত সার ও বালাইনাশক ডিলার ও খুচরা বিক্রেতা | সমষ্টি | সংখ্যা | ৩ | ২৮ | ৩৫ | ৩৫ | ৩২ | ২৮ | ২৪ | ২২ | ৪০ | ৪৫ |
| | | [৩.২] উদ্যানতাত্তিক ফসলের মানসম্পন্ন চারা/কলম সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.২.১] নিষ্পত্তিকৃত নার্সারী নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | সমষ্টি | % | ৩ | ০ | ০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [৩.২.২] পরিদর্শণকৃত নার্সারী কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ৬ | ৪ | ৩ | ২ | ১ | ৮ | ১০ |
| | | [৩.৩] কৃষি যান্ত্রিকীকরণ | [৩.৩.১] উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষিযন্ত্রপাতি | সমষ্টি | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| [৪] কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন, কৃষি পণ্যের প্রক্রিয়াজাতকরণ ও রপ্তানীতে সহায়তা | ৯ | [৪.১] ফসল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | [৪.১.১] জৈবসার/ জীবানুসার/ সবুজসার ও ভার্মিকম্পোষ্ট বিষয়ে সৃষ্ট উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | | | [৪.১.২] উৎপাদিত কম্পোষ্ট/ ভার্মিকম্পোষ্ট/ ট্রাইকোকম্পোষ্ট/ সবুজসার | সমষ্টি | মে ট | ৩ | ২০ | ৩০ | ৩০ | ২৭ | ২৫ | ২২ | ২০ | ৩৫ | ৪০ |
| | | [৪.২] প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে এগ্রোপ্রসেসিং ব্যাবসা উৎসাহিতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টি | [৪.২.১] খাদ্যপণ্য/কৃষিজাতপন্য/নার্সারিব্যবসা/বীজ উৎপাদনে সৃষ্ট নারী প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী,চট্টগ্রাম, উপপরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, উপপরিচালক, উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম হিসাবে উপজেলা কৃষি কর্মকর্তা, উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী,চট্টগ্রাম-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১২/০৬/২০২৩

উপজেলা কৃষি কর্মকর্তা
উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী,চট্টগ্রাম

তারিখ

১২/৬/২০২৩

উপপরিচালক
উপ-পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, চট্টগ্রাম

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইএস | এগ্রিকালচারাল ইনফরমেশন সার্ভিস |
| ২ | এসআরডিআই | সয়েল রিসোর্সেস ডেভেলপমেন্ট ইনস্টিটিউট |
| ৩ | এসসিএ | সীড সার্টিফিকেশন এজেন্সী |
| ৪ | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ৫ | বিআরআরআই | বাংলাদেশ রাইস রিসার্স ইনস্টিটিউট |
| ৬ | বিএআরআই | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ ইনস্টিটিউট |
| ৭ | বিএআরসি | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল |
| ৮ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচার ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ৯ | বিনা | বাংলাদেশ ইনস্টিটিউট অব নিউক্লিয়ার এগ্রিকালচার |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.১.১] স্থাপিত প্রদর্শনী | উপজেলা কৃষি অফিস , বোয়ালখালী, চট্টগ্রাম | প্রশিক্ষণের মাস্টাররোল, ছবি, রেজিস্টার |
| | [১.১.২] আয়োজিত মাঠ দিবস/ কৃষক সমাবেশ | উপজেলা কৃষি অফিস , বোয়ালখালী, চট্টগ্রাম | প্রশিক্ষণের মাস্টাররোল, ছবি, রেজিস্টার |
| | [১.১.৩] আয়োজিত উপজেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির সভা | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | রেজিস্টারে সংরক্ষিত কৃষক তালিকা |
| | [১.১.৪] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমন | উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী, চট্টগ্রাম | রেজিস্টারে সংরক্ষিত কৃষক তালিকা |
| [১.২] কৃষি খাতে প্রদত্ত প্রনোদনার আওতায় কার্যক্রম গ্রহণ | [১.২.১] প্রনোদনার আওতায় সমলয় চাষাবাদের প্রদর্শণী স্থাপনকৃত | উপজেলা কৃষি অফিস , বোয়ালখালী, চট্টগ্রাম | প্রশিক্ষণের মাস্টাররোল, ছবি, রেজিস্টার |
| | [১.২.২] প্রনোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক সংখ্যা | উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী, চট্টগ্রাম | ছবি, রেজিস্টারে সংরক্ষিত কৃষক তালিকা |
| [১.৩] ফসল উৎপাদনে কৃষকের দক্ষতা বৃদ্ধিকরণ | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক | উপজেলা কৃষি অফিস , বোয়ালখালী, চট্টগ্রাম | প্রশিক্ষণের মাস্টাররোল, ছবি, রেজিস্টার |
| | [১.৩.২] ব্লক পরিকল্পনা প্রণয়ন | উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী, চট্টগ্রাম | রেজিস্ট্রার |
| [২.১] কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/ কর্মচারী | উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী, চট্টগ্রাম। | কৃষক তালিকা |
| | [২.১.২] শ্রেষ্ঠ নারী মাঠকর্মীর মনোনয়ন প্রদান | উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী, চট্টগ্রাম | তালিকা |
| [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.২.১] কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | উপজেলা কৃষি অফিস, বোয়ালখালী, চট্টগ্রাম | রেজিস্ট্রারে সংরক্ষণ |
| [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.২.২] কর্মকর্তাদের পরিদর্শিত উপজেলা অফিসের কার্যক্রম | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | পরিদর্শন রেজিস্ট্রার |
| | [২.২.৩] উর্ধ্বতন অফিসের পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | পরিদর্শন রেজিস্ট্রার |
| [২.৩] শুন্যপদ পূরণের উদ্যোগ গ্রহন | [২.৩.১] শুন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | মাসিক প্রতিবেদন |
| [২.৪] জমিজমা সংক্রান্ত মামলা নিস্পত্তির উদ্যোগ গ্রহন | [২.৪.১] জমিজমা সংক্রান্ত / মামলা সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | ৩মাসিক প্রতিবেদন |
| [২.৫] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.৫.১] অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | মাসিক প্রতিবেদন |
| [৩.১] মানসম্পন্ন সার/ বালাইনাশক সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.১.১] নিস্পত্তিকৃত বালাইনাশক এর পাইকারী ও খুচরা ডিলারের নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | জেলা কার্যালয়ে প্রেরণ |
| | [৩.১.২] পরিদর্শণকৃত সার ও বালাইনাশক ডিলার ও খুচরা বিক্রেতা | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | উপজেলা রেজিস্ট্রারে সংরক্ষণ |
| [৩.২] উদ্যানতাত্তিক ফসলের মানসম্পন্ন চারা/কলম সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.২.১] নিস্পত্তিকৃত নার্সারী নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | উপজেলা রেজিস্ট্রারে সংরক্ষণ |
| | [৩.২.২] পরিদর্শণকৃত নার্সারী কার্যক্রম | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | উপজেলা রেজিস্ট্রার |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.৩] কৃষি যান্ত্রিকীকরণ | [৩.৩.১] উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষিযন্ত্রপাতি | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | যন্ত্রপাতি রেজিস্ট্রার, ছবি, ডকুমেন্টেশন |
| [৪.১] ফসল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | [৪.১.১] জৈবসার/ জীবানুসার/ সবুজসার ও ভার্মিকম্পোষ্ট বিষয়ে সৃষ্ট উদ্যোক্তা | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | উদ্যোক্তা্র তালিকা |
| [৪.১] ফসল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | [৪.১.২] উৎপাদিত কম্পোষ্ট/ ভার্মিকম্পোষ্ট/ ট্রাইকোকম্পোষ্ট/ সবুজসার | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | মাসিক প্রতিবেদন ও সামারি শীট |
| [৪.২] প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে এগ্রোপ্রসেসিং ব্যাবসা উৎসাহিতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টি | [৪.২.১] খাদ্যপণ্য/কৃষিজাতপন্য/নার্সারিব্যবসা/বীজ উৎপাদনে সৃষ্ট নারী প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, বোয়ালখালী, চট্টগ্রাম | উদ্যোক্তা তৈরি ও কেইস স্টাডি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | স্থাপিত প্রদর্শনী | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | দাপ্তরিক যোগাযোগ |
| উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | আয়োজিত মাঠ দিবস/ কৃষক সমাবেশ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | দাপ্তরিক যোগাযোগ |
| কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | উপপরিচালকের কার্যালয়, চট্টগ্রাম | দাপ্তরিক যোগাযোগ |
| ফসল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | জৈবসার/ জীবানুসার/ সবুজসার ও ভার্মিকম্পোষ্ট বিষয়ে সৃষ্ট উদ্যোক্তা | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | দাপ্তরিক যোগাযোগ |
| প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে এগ্রোপ্রসেসিং ব্যাবসা উৎসাহিতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টি | খাদ্যপণ্য/কৃষিজাতপন্য/নার্সারিব্যবসা/বীজ উৎপাদনে সৃষ্ট নারী প্রক্রিয়াজাতকারী/উদ্যোক্তা | কৃষি বিপণন অধিদপ্তর | দাপ্তরিক যোগাযোগ |

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ